

ফিরে আসবো

সুপর্ণা ভট্টাচার্য্য

আবার ফিরে আসবো
আমি আবার ফিরে আসবো,
কোনো অচেনা নামে
কোনো অচেনা ডাকে,
অচেনা আদলে
চেনা হাসির আড়ালে,
চেনা দুঃখ কিংবা কান্না হয়ে
আমি তোমার মধ্যে আবার জন্ম নেবো।

নাটক সেবার মূর্ছা যাবে
অস্তা চলে মিথ্যা বান ভাসাবে
সেবার সত্যকেই কেবল আগলে রেখো
নিজের করে নিজের কাছে;

সেবার না'হয় প্রথম থেকেই শত্রু হবো,
বন্ধু থেকে শত্রু
শত্রু থেকে বন্ধু
সবাই এই দূরত্ব অতিক্রম করতে কি পারে !

আবার জন্ম নেবো,
আমরা আবার ফিরে আসবো।